

ফ্রেডরিখ এঙ্গেলস এর প্রয়াণ দিবসে আলোচনাসভা অনুষ্ঠিত



ফ্রেডারিখ

এঙ্গেলস এর

জীবন সংগ্রাম

থেকে শিক্ষা

নিয়ে পুঁজিবাদ-

সম্রাজ্যবাদবিরো

ধী সমাজতন্ত্রের

সংগ্রাম এগিয়ে

নিতে হবে

কর্মরেড খালেকুজ্জামান

বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর উদ্যোগে ৫ আগস্ট '২০ সন্ক্যা ৭টায় সর্বাহারা শ্রেণির মহান নেতা ফ্রেডরিখ এঙ্গেলস এর ১২৫তম মৃত্যুদিবস উপলক্ষে অনলাইনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাসদের সাধারণ সম্পাদক কর্মরেড খালেকুজ্জামানের সভাপতিত্বে ও কেন্দ্রীয় কমিটির সদস্য কর্মরেড বজ্রুর রশীদ ফিরোজের সঞ্চালনায় আলোচনায় বক্তব্য রাখেন, ভারতের পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. অজিত কুমার রায় ও বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কর্মরেড রাজেকুজ্জামান রতন।

কর্মরেড খালেকুজ্জামান বলেন, ফ্রেডরিখ এঙ্গেলস ছিলেন সারা দুনিয়ার শ্রমিক শ্রেণির নেতা, যিনি তাঁর অভিন্ন হৃদয় বন্ধু কার্ল মার্ক্স এর সাথে মিলে মানব মুক্তির দর্শন মার্ক্সবাদ প্রতিষ্ঠা করেছিলেন। যা ছিল দুনিয়ার শ্রমিক শ্রেণিকে চোখ খুলে দেয়া এক মতবাদ। তাঁরা দেখিয়েছিলেন কীভাবে সম্পদ তৈরি হয়, কীভাবে সম্পদের মালিকানাব্যবস্থা গড়ে উঠে, সমাজ কীভাবে শ্রেণি বিভক্ত হয়। এক শ্রেণি আরেক শ্রেণিকে কীভাবে শোষণ করে, ঠকায় এবং এই শোষণ থেকে মুক্তির পথ কী? তারা যৌথভাবে সংথামের মাধ্যমে ভাববাদী দর্শনের মোকাবিলা করে বস্তবাদী দর্শনের বৈজ্ঞানিক ব্যাখ্যা দাঁড় করিয়েছিলেন, যা আজও দুনিয়াব্যাপী শ্রমিক শ্রেণির মুক্তির পথনির্দেশকারী দর্শন।

খালেকুজ্জামান বলেন, কার্ল মার্ক্স যে পুঁজি গ্রহ রচনা করেছিলেন, এঙ্গেলস না থাকলে দুনিয়ার মানুষ তা হয়তো জানতেই পারতো না। এঙ্গেলস নিজে শিল্পপতির সভান হয়েও মার্ক্স ও তার পরিবারকে সহায়তার প্রয়োজনে সামান্য কেরানির চাকরি করেছেন। নিজের ব্যক্তিগত প্রয়োজন না, সমাজমানব মুক্তির সংথামের প্রয়োজনকেই সবসময় প্রাধান্য দিয়েছেন। তাঁর সময়কালে অসামান্য পাণ্ডিত্য ও জ্ঞানের অধিকারী হয়েও তাঁর মধ্যে কোন অহমিকা ছিল না, ছিলেন অত্যন্ত বিনয়ী। মার্ক্স-এঙ্গেলস এর প্রথম পরিচয় থেকে তাঁদের মধ্যে চিন্তা ও দৃষ্টিভঙ্গির ঐক্য গড়ে উঠে যা আজীবন অক্ষণ্ট ছিল। বিপ্লবের প্রতি উদ্দেশ্যমুখীনতা, যৌথ জ্ঞান, যৌথ নেতৃত্ব, যৌথ জীবনবোধের সর্বোউন্নত শিক্ষা আমরা এঙ্গেলস এর কাছ থেকেই পাই। সত্যিকার কমিউনিস্ট চরিত্র গড়ে তোলার শিক্ষা নিতে হবে।

খালেকুজ্জামান আরও বলেন, বর্তমানে সারা বিশ্বে করোনা মহামারি চলছে। পুঁজিবাদ মহামারি মোকাবিলায় ব্যর্থ। সমাজতন্ত্রই যে সকল প্রাকৃতিক ও মনুষ্য সৃষ্ট দুর্বোগ মোকাবিলায় সক্ষম তাও প্রমাণিত হয়েছে। ফলে করোনা উত্তর বিশ্বপরিস্থিতি একই জায়গায় থাকবে না। হয় আরও বেশি বৈশম্য সৃষ্টিকারী বৈরাচারী কর্তৃত্ববাদী শাসন কায়েম হবে, না হয় জনগণের রাষ্ট্রব্যবস্থা, সরকারব্যবস্থা কায়েমের পথে অগ্রসর হবে। ফলে বৈরেশ্বাসনের বদলে সাম্যসমাজ প্রতিষ্ঠার সংগ্রামে এঙ্গেলস এর জীবন সংগ্রাম-চিন্তা আমাদের পাথেয় হবে।